

💵 দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ গৃহপালিত পশুর যাকাত রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

ঘোড়ার যাকাত আদায়ের হুকুম

কুরআন ও ছহীহ হাদীছ দ্বারা যেসব পুশুর যাকাত আদায় করা ফরয সাব্যস্ত হয়েছে, ঘোড়া তার অন্তর্ভূক্ত নয়। এছাড়াও রাসূলুল্লাহ (ছাঃ) ঘোড়ার যাকাত আদায় করতে হবে না বলে উল্লেখ করেছেন। হাদীছে এসেছে,

عَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم قَالَ لَيْسَ عَلَى الْمُسْلِمِ فِيْ عَبْدِهِ وَلاَ فِيْ فَرَسِهِ صَدَقَةً – আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) এরশাদ করেন, 'মুসলমানদের উপর তাদের গোলাম ও ঘোড়ার যাকাত নেই'।[1]

অন্যত্র রাসূল (ছাঃ) বলেছেন, 'শাক-শজিতে যাকাত নেই, আরিয়াতে[2] যাকাত নেই, পাঁচ ওসাকের কমে যাকাত নেই, কাজে নিয়োজিত পশুতে যাকাত নেই এবং যাবহাতেও যাকাত নেই। সাকার বলেন, জাবহা অর্থ হল, ঘোড়া, খচ্ছর এবং দাস-দাসী।[3]

উল্লেখ্য যে, প্রত্যেক ঘোড়ার ১ দ্বীনার অথবা ২০ দিরহাম যাকাত দিতে হবে বলে যে হাদীছ রয়েছে তা যঈফ।[4]

ফুটনোট

- [1]. বুখারী হা/১৪৬৪; মুসলিম হা/৯৮২; আবুদাউদ হা/১৫৯৫; নাসাঈ হা/২৪৬৯; ইবনু মাজাহ হা/১৮১২; মিশকাত হা/১৭৯৫।
- [2]. কোন গরীব ব্যক্তির নিকটে শুকনো খেজুর রয়েছে। কিন্তু তার 'রুতাব' খেজুর প্রয়োজন। এমতাবস্থায় কোন গাছের মালিকের নিকট থেকে শুকনো খেজুরের বিনিময়ে গাছে বিদ্যমান রুতাব খেজুর ক্রয় করাকে আরিয়া বলা হয়।
- [3]. দারাকুত্বনী হা/১৯৩o; মিশকাত হা/১৮১৩।
- [4]. নায়লুল আওতার ৪/১৩৭ পৃঃ 'গোলাম, ঘোড়া ও গাধার যাকাত নেই' অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3304

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন